ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪৪৭৩
আগরতলা, ২৬ ডিসেম্বর, ২০২৫

**রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেনের প্রয়াণে মুখ্যমন্ত্রীর শোক প্রকাশ**

রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেনের প্রয়াণে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা গভীর শোক প্রকাশ করেছেন। শোকবার্তায় মখ্যমন্ত্রী বলেন, ‘বিশ্ববন্ধু সেন রাজ্যের একজন দীর্ঘদিনের রাজনৈতিক ব্যক্তিত্ব। ধর্মনগরসহ গোটা উত্তর জেলায় বিশ্ববন্ধু সেন সকল স্তরের মানুষের কাছে অত্যন্ত আপনজন ছিলেন। সাংস্কৃতিক ব্যক্তিত্ব হিসাবেও তিনি অত্যন্ত সুপরিচিত ছিলেন। অধ্যক্ষ হিসাবে পবিত্র বিধানসভার অধিবেশনগুলিতে সভা পরিচালনার ক্ষেত্রে তিনি তাঁর দক্ষতা, নিষ্ঠা এবং দায়িত্বশীলতার পরিচয় রেখেছেন। তাঁর মৃত্যু রাজ্যের এক অপূরণীয় ক্ষতি’।

মুখ্যমন্ত্রী প্রয়াত বিশ্ববন্ধু সেনের বিদেহী আত্মার সদগতি কামনা করেন এবং শোক সন্তপ্ত পরিবার পরিজনদের প্রতি গভীর সমবেদনা জানিয়েছে।

*****